# SNAPএবং নগদ সহায়তা বেনিফিট স্কিমিং প্রতিস্থাপন FAQ (প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী)

যদি আপনার SNAP বা নগদ বেনিফিটগুলি ইলেকট্রনিকভাবে চুরি হয়ে থাকে ,আপনি এখন এই চুরি করা বেনিফিটগুলি প্রতিস্থাপনের জন্য একটি ক্লেইম জমা দিতে পারেন৷ আপনার বেনিফিটগুলি আংশিক বা সম্পূর্ণভাবে প্রতিস্থাপিত হতে পারে।

**দ্রষ্টব্য:** স্কিম করা পরিপূরক পুষ্টি সহায়তা প্রোগ্রাম (Supplemental Nutrition Assistance Program, SNAP) সুবিধাগুলি প্রতিস্থাপনের অনুমতি দেয় এমন ফেডারেল কর্তৃপক্ষের মেয়াদ 20 ডিসেম্বর, 2024-এ শেষ হবে৷ সমাজসেবা বিভাগ (Department of Social Services, DSS) 20 ডিসেম্বর, 2024-এর পরে ঘটে যাওয়া চুরির জন্য SNAP স্কিমিং প্রতিস্থাপন জারি করার অনুমতি দেয় না। আপনি এখনও 20 ডিসেম্বরের পরে স্কিম করা SNAP সুবিধাগুলির প্রতিস্থাপনের জন্য একটি দাবি দায়ের করতে পারেন, যদি চুরিটি 20 ডিসেম্বর বা তার আগে ঘটে থাকে এবং সুবিধাগুলি চুরি হয়েছে তা জানার 30 দিনের মধ্যে দাবিটি দায়ের করা হয়৷ এটি স্কিম করা নগদ সহায়তার সুবিধার দাবিকে প্রভাবিত করে না।

### *ইলেকট্রনিক বেনিফিটচুরি কী (“স্কিমিং” “ফিশিং” বা “কার্ড ক্লোনিং” নামেও পরিচিত) ?*

স্কিমিং হল এক প্রকার চুরি। চোরেরাEBT , ক্রেডিট এবং ডেবিট কার্ডের তথ্য কপি করার জন্য একটি দোকানের কার্ড-সোয়াইপিং মেশিনে একটি ওভারলে রেখে দেয়। চোরেরা এই তথ্য ব্যবহার করে জাল কার্ড তৈরি করে (যাকে “ক্লোন” বলা হয়) এবং অ্যাকাউন্ট থেকে টাকা চুরি করতে তা ব্যবহার করে। আপনি যেখানেই আপনার EBT কার্ড সোয়াইপ করেন সেখানেই স্কিমিং হতে পারে। আপনার EBT কার্ড সবসময় আপনার কাছে থাকলেও স্কিমিংয়ের মাধ্যমে আপনার বেনিফিট চুরি হতে পারে।

ফিশিং হল একটি ভিন্ন ধরনের স্কিম যেখানে চোররা লোকেদেরকে একটি লিঙ্কে ক্লিক করতে প্রতারণা করে (সাধারণত টেক্সট বা ইমেলের মাধ্যমে পাঠানো হয়) যা তাদের আপনার অ্যাকাউন্টের তথ্য অ্যাক্সেস করতে দেয়।

### *আমার বেনিফিটগুলিচুরি হয়ে গেলে আমার কী করা উচিত?*

আপনার বেনিফিটগুলি চুরি হয়ে যাওয়া হতাশাজনক এবং ভীতিজনক হতে পারে। কিন্তু আপনার এক্সপোজার কমাতে আপনি কিছু পদক্ষেপ নিতে পারেন এবং প্রতিস্থাপনের বেনিফিটগুলির জন্য একটি ক্লেইম জমা দিতে পারেন।

ধাপ1 . আপনার কার্ড চুরি হয়ে গেছে বলে রিপোর্ট করুন। আপনি যদি বুঝতে পারেন আপনার বেনিফিটগুলি চুরি হয়ে গেছে ,তাহলে আপনাকে অবশ্যই আপনার EBT কার্ড চুরি হয়েছে বলে রিপোর্ট করতে হবে। আপনার কার্ড চুরি হয়ে গেছে রিপোর্ট করতে ,একটি নতুন কার্ডের অনুরোধ করতে এবং আপনার পিন পরিবর্তন করতে ,দয়া করে https://www.ebtedge.com/ - এ যান অথবা EBT গ্রাহক পরিষেবায় - 888-328-6399 – এ কল করুন। আপনি যদি আপনার EBT কার্ড চুরি হয়ে গেছে বলে রিপোর্ট না করে থাকেন ,তাহলে আপনি কোনো প্রতিস্থাপনের বেনিফিটগুলি পাবেন না। **দ্রষ্টব্য:** বর্তমানে, ebtedge.com শুধুমাত্র ইংরেজি এবং স্প্যানিশ ভাষায় উপলব্ধ। EBT গ্রাহক পরিষেবা লাইনে আপনাকে আপনার EBT কার্ড নম্বরের শেষ চারটি সংখ্যা লিখতে হবে - এর পরে ,পরিষেবা আরবি ,ম্যান্ডারিন , ইংরেজি ,হাইতিয়ান-ক্রিওল ,ইতালীয় ,কোরিয়ান ,রাশিয়ান এবং স্প্যানিশ ভাষায় উপলব্ধ।

ধাপ2 . আপনার EBT লেনদেনের ইতিহাস নিয়ে নিন। প্রতিস্থাপনের বেনিফিটগুলির জন্য একটি ক্লেইম জমা দিতে , আপনাকে অবশ্যই পৃথকভাবে প্রতারণামূলক প্রতিটি লেনদেনের তারিখ ,অবস্থান এবং পরিমাণ রিপোর্ট করতে হবে। এগুলি এমন লেনদেন যা আপনি নিজে করেননি ,বরং যে আপনার কার্ডের তথ্য চুরি করেছে তার দ্বারা করা হয়েছে৷

<u>**কিভাবে আপনার EBT – এর ইতিহাস পাবেন :**</u>




আপনার EBT লেনদেনের ইতিহাস পাওয়ার জন্য বিভিন্ন উপায় আছে। যেটি আপনার জন্য সবচেয়ে সহজ সেটি বেছে নিন :

- **বিকল্প1 :** [ebtedge.com/](ebtedge.com/) - এ আপনার EBT ইতিহাস দেখুন অথবা ebtEDGE মোবাইল অ্যাপ ডাউনলোড করে (অ্যাপল অ্যাপ স্টোর এবং গুগল প্লে স্টোরে ডাউনলোডের জন্য উপলব্ধ) দেখুন ;অথবা
- **বিকল্প2 :** টোল-ফ্রি EBT গ্রাহক পরিষেবা লাইনে কল করুন1 -888-328- 6399নম্বরে। আপনি স্বয়ংক্রিয় মেনুতে আপনার শেষ দশটি লেনদেন শোনার জন্য হেল্পলাইনটি ব্যবহার করতে পারেন বা স্বয়ংক্রিয় মেনু বা গ্রাহক পরিষেবা প্রতিনিধি থেকে আপনার অ্যাকাউন্টের ইতিহাসের দুই মাসের একটি প্রিন্টেড স্টেটমেন্ট অনুরোধ করতে পারেন। আপনি একটি লাইভ গ্রাহক পরিষেবা প্রতিনিধির সাথে আপনার লেনদেন পর্যালোচনা করতে পারেন। 15 মাসেরও বেশি আগের লেনদেনের জন্য আপনাকে একজন প্রতিনিধির সাথে কথা বলতে হবে।

আপনার EBT ইতিহাসে বেশিরভাগ লেনদেন অন্তর্ভুক্ত থাকবে যা আপনার মনে আছে যে আপনি করেছেন - যেমন আপনার নিয়মিত মুদির দোকানে যাতায়াত। কিন্তু আপনি এমন লেনদেন দেখতে পারেন যা অদ্ভুত দেখাচ্ছে - এমন দোকান যেখানে আপনি কখনও কেনাকাটা করেননি ,এমনকি এমন শহরগুলিতেও যেখানে আপনি কখনও যাননি। এই ধরনের লেনদেন ইলেকট্রনিক বেনিফিট চুরি (জালিয়াতি) নির্দেশ করতে পারে। প্রতিস্থাপন বেনিফিটগুলির জন্য একটি ক্লেইম জমা দেওয়ার জন্য আপনাকে এই প্রতারণামূলক লেনদেনের প্রতিটির তারিখ ,অবস্থান এবং পরিমাণ রিপোর্ট করতে হবে।

<u>ধাপ3 . প্রতিস্থাপন বেনিফিটগুলির জন্য একটি ক্লেইম জমা দিন।</u>

কোন লেনদেনগুলি প্রতারণামূলক ছিল তা চিহ্নিত করার পরে ,আপনি প্রতিস্থাপন বেনিফিটগুলির জন্য একটি ক্লেইম জমা দিতে প্রস্তুত।

একটি ক্লেইম জমা দেওয়ার বিভিন্ন উপায় আছে :

1. অনলাইন :nyc.gov/hra দেখুন

একটি ক্লেইম জমা দিতে <u>**অনলাইন সবচেয়ে দ্রুততম এবং সহজতম উপায় !DSS জোরালো সুপারিশ করে যে যদি সম্ভব হয় তবে আবেদনকারীরা অনলাইনে একটি ক্লেইম জমা দিন।**</u>

2. মেইল :একটি কাগজের ক্লেইম ফর্ম পেতে ,আপনি যা করতে পারেন :

- nyc.gov/hra-এ উপলব্ধ একটি ক্লেইম ফর্ম প্রিন্ট করুন বা
- ইনফোলাইনে কল করুন] 718-557-1399 [এবং আপনাকে মেইলে একটি ফর্ম পাঠাতে অনুরোধ করুন।
- আপনার স্থানীয় কেন্দ্রে যান

আপনি একটি সম্পূর্ণ করা কাগজের ক্লেইম ফর্ম এখানে ডাকযোগে পাঠাতে পারেন :

Department of Social Services
P.O. Box 02-9121
Brooklyn GPO, Brooklyn, NY 11202

একটি কাগজের ক্লেইম ফর্ম জমা দেওয়া ,বিশেষ করে একটি ফর্ম আপনাকে ডাকযোগে পাঠানোর জন্য অনুরোধ করা ,সবচেয়ে ধীর পদ্ধতি ,এবং আপনার ক্লেইম পেতে এবং কোনও প্রতিস্থাপন বেনিফিটগুলির ইস্যু করতেDSS -এর পক্ষে বেশি সময় লাগতে পারে।

3. ব্যক্তিগতভাবে :আপনি আপনার বেনিফিটস অ্যাক্সেস সেন্টার ,SNAP সেন্টার বা HASA সেন্টারে যেতে পারেন। আপনি[nyc .gov/ hra](‘লোকেশন’ ট্যাবের অধীনে) SNAP এবং BAC কেন্দ্রগুলি খুঁজে পেতে পারেন।

### *একটি ক্লেইম জমা দিতে আমার কোন তথ্য লাগবে?*

আপনার প্রয়োজন হবে :

1. আপনার ক্লায়েন্ট আইডেন্টিফিকেশন নম্বর (Client Identification Number, CIN) এবং কেস নম্বর।
2. আপনার বর্তমান ডাকযোগের ঠিকানা
3. প্রতিটি প্রতারণামূলক লেনদেনের তারিখ ,অবস্থান এবং পরিমাণ।

যদি আপনার SNAP এবং নগদ উভয় বেনিফিট চুরি হয়ে থাকে ,তাহলে আপনাকে অবশ্যই সেই একই ক্লেইম ফর্মে রিপোর্ট করতে হবে। সেটির ক্ষেত্রে ফর্মে আলাদা বিভাগ থাকবে তাই লেনদেনগুলি মিশ্রিত হবে না।

### *আমার ক্লায়েন্ট আইডেন্টিফিকেশন নম্বর(CIN) কী?*

আপনার ক্লায়েন্ট আইডেন্টিফিকেশন নম্বরটি একটি৪ -অক্ষরের কোড যা অক্ষর এবং সংখ্যার মিশ্রণ। আপনি আপনার EBT কার্ডে আপনার CIN খুঁজে পেতে পারেন ,যেমনটি নীচে দেখানো হয়েছে। এটি “ IDনম্বর” লেবেলযুক্ত। একটি কেসে প্রত্যেক ব্যক্তির নিজস্ব CIN আছে - কিন্তু আবেদনটি প্রক্রিয়া করার জন্য আপনাকে অবশ্যই আপনার EBTকার্ডে তালিকাভুক্ত CIN ব্যবহার করতে হবে ,এমনকি যদি সেই CIN আপনার ক্ষেত্রে অন্য কারোর হয় তা হলেও।

ক্লায়েন্ট আইডেন্টিফিকেশন নম্বর (Client Identification Number, CIN) এখানে। এটি “আইডি (ID) নম্বর” লেবেলযুক্ত




### *আমি কিভাবে আমার কেস নম্বর খুঁজে পাব?*

আপনার কেস নম্বরে দশটি অক্ষর আছে। প্রথম নয়টি অক্ষর হল সংখ্যা ,এবং শেষ অক্ষর হল একটি অক্ষর। আপনার কেস নম্বরটি আপনার EBT কার্ডে তালিকাভুক্ত নয় ,কিন্তু HRA আপনাকে আপনার কেস সম্পর্কে যে কোনো নোটিশ পাঠিয়েছে তাতে আপনি আপনার কেস নম্বর খুঁজে পেতে পারেন এবংACCESSHRA -তে লগ ইন করেও এটি খুঁজে পেতে পারেন। আপনার কেস নম্বর খুঁজে পেতে সমস্যা হলে ,আপনি ইনফোলাইনে কল করতে পারেন ]718-557-1399 [অথবা আপনার কেন্দ্রে যেতে পারেন।

### *কেন আমাকে নিশ্চিত করতে হবে যে আমি আমার কার্ড হারিয়ে গেছে বা চুরি হয়ে গেছে বলে রিপোর্ট করেছি?*

HRAনিশ্চিত করতে চায় যে আপনার অ্যাকাউন্ট আর ঝুঁকির মধ্যে নেই ,এবং আপনার কার্ডে থাকা যে কোনও প্রতিস্থাপন বেনিফিটগুলি আবার যেন চুরি না হয়। উপরের নির্দেশাবলী ,এবং ক্লেইম ফর্মের নির্দেশাবলী ,আপনার কার্ড চুরি হওয়া রিপোর্ট করার প্রক্রিয়ার ব্যাপারে আপনাকে গাইড করতে পারে।

*আমি কিভাবে বাকি ক্লেইম ফর্ম পূরণ করব?*

আপনার চুরি করা নির্দিষ্ট লেনদেনের তালিকা করার আগে পূরণ করার জন্য কয়েকটি সারাংশের জায়গা রয়েছে।

**নগদ বেনিফিট :**প্রথম বিভাগটি চুরি হওয়া নগদ বেনিফিট সম্পর্কে। যদি আপনার কোনো নগদ সহায়তা বেনিফিট চুরি না হয়ে থাকে ,তাহলে অনুগ্রহ করে এই বিভাগটি ফাঁকা রাখুন। নীচে প্রশ্ন এবং নির্দেশাবলীর একটি তালিকা রয়েছে।

- **যে তারিখে আমি বুঝতে পেরেছি যে আমার SNAP সুবিধাগুলি চুরি হয়েছে:** এটি সেই তারিখ যখন আপনি জানতে পেরেছিলেন যে আপনার SNAP বেনিফিট চুরি করা হয়েছে। এটি প্রকৃত চুরির তারিখ নাও হতে পারে। এই তারিখটি প্রতারণামূলক SNAP লেনদেনের তারিখের *আগে* হওয়া উচিত নয়। **যদি আপনি সঠিক তারিখ না জানেন, তাহলে এই ক্ষেত্রটিকে ফাঁকা রাখতে পারেন।** এই ক্ষেত্রটি ফাঁকা রাখলে আপনার ক্লেইম প্রত্যাখ্যান হবে না।

- **প্রথম তারিখ যেদিন নগদ বেনিফিট চুরি করা হয়েছে :**এটি আপনার লেনদেনের ইতিহাসের শুরুর দিকের তারিখ যেখানে আপনি একটি প্রতারণামূলক লেনদেন দেখতে পান। উদাহরণস্বরূপ , আপনি যদি3 রা এপ্রিল 2023 এবং 4 এপ্রিল2023 -এ প্রতারণামূলক নগদ লেনদেন দেখতে পান তবে আপনার এখানে3 রা এপ্রিল 2023 তালিকাভুক্ত করা উচিত। আপনি যদি শুধুমাত্র একটি তারিখে প্রতারণামূলক লেনদেন দেখতে পান তবে সেই তারিখটি এখানে তালিকাভুক্ত করুন৷ দয়া করে মনে রাখবেন যে 1 ,জানুয়ারী ,2022 এর আগে থেকে নগদ সহায়তা লেনদেনগুলি প্রতিস্থাপনের জন্য অযোগ্য ,এবং তালিকাভুক্ত করা উচিত নয়৷

- **শেষ তারিখ যেদিন নগদ বেনিফিট চুরি করা হয়েছে :**এটি আপনার লেনদেনের ইতিহাসের সবচেয়ে *সাম্প্রতিক* তারিখ যেখানে আপনি একটি প্রতারণামূলক লেনদেন দেখতে পান। উদাহরণস্বরূপ ,আপনি যদি 5 মে 2023 এবং 6 মে2023 -এ প্রতারণামূলক নগদ লেনদেন দেখতে পান , তাহলে আপনার এখানে 6 মে 2023 তালিকাভুক্ত করা উচিত। আপনি যদি শুধুমাত্র একটি তারিখে প্রতারণামূলক লেনদেন দেখতে পান তবে সেই তারিখটি এখানে তালিকাভুক্ত করুন৷ আপনি যদি শুধুমাত্র একটি তারিখে প্রতারণামূলক লেনদেন দেখতে পান ,তাহলে আপনার "প্রথম তারিখ" এবং "শেষ তারিখ" একই হবে - এটি ঠিক আছে।

- **মোট নগদ বেনিফিট যা চুরি হয়েছে :**এই নগদ সহায়তা বেনিফিটের মোট ডলার পরিমাণ যা চুরি করা হয়েছে৷ এটি সমস্ত প্রতারণামূলক নগদ সহায়তা লেনদেনের মোট (সমষ্টি) হওয়া উচিত। উদাহরণস্বরূপ ,আপনি যদি$ 300-এর একটি প্রতারণামূলক নগদ লেনদেন এবং$ 200-এর অন্য একটি প্রতারণামূলক নগদ লেনদেনের রিপোর্ট করেন ,তাহলে এখানে তালিকাভুক্ত করা আপনার মোট$ 500 হওয়া উচিত। এটা খুবই গুরুত্বপূর্ণ যে আপনি এই "মোট" ক্ষেত্রটি সঠিকভাবে পূরণ করুন।

**SNAPবেনিফিট :**পরবর্তী বিভাগে SNAP বেনিফিট সম্পর্কে জিজ্ঞাসা করা হয়েছে। যদি আপনার কোন SNAPবেনিফিট চুরি না হয়ে থাকে ,তাহলে অনুগ্রহ করে এই বিভাগটি ফাঁকা রাখুন। এখানে নির্দেশাবলী উপরের নগদ সহায়তা অংশের অনুরূপ ,কিন্তু এটি নগদ এর পরিবর্তেSNAP -এর জন্য।

- **যে তারিখে আমি বুঝতে পেরেছি যে আমার SNAP সুবিধাগুলি চুরি হয়েছে:** এটি সেই তারিখ যখন আপনি জানতে পেরেছিলেন যে আপনার SNAP বেনিফিট চুরি করা হয়েছে। এটি প্রকৃত চুরির তারিখ নাও হতে পারে। এই তারিখটি প্রতারণামূলক SNAP লেনদেনের তারিখের *আগে* হওয়া উচিত নয়। **যদি আপনি সঠিক তারিখ না জানেন, তাহলে এই ক্ষেত্রটিকে ফাঁকা রাখতে পারেন।** এই ক্ষেত্রটি ফাঁকা রাখলে আপনার ক্লেইম প্রত্যাখ্যান হবে না।

- **প্রথম তারিখ যেদিন SNAP বেনিফিট চুরি করা হয়েছে:** এটি আপনার লেনদেনের ইতিহাসের শুরুর দিকের তারিখ যেখানে আপনি একটি প্রতারণামূলক SNAP লেনদেন দেখতে পান। উদাহরণস্বরূপ, আপনি যদি 3রা এপ্রিল 2023 এবং 4 এপ্রিল 2023-এ প্রতারণামূলক SNAP লেনদেন দেখতে পান তবে আপনার এখানে 3রা এপ্রিল 2023 তালিকাভুক্ত করা উচিত। আপনি যদি শুধুমাত্র একটি তারিখে প্রতারণামূলক SNAP লেনদেন দেখতে পান তবে সেই তারিখটি এখানে তালিকাভুক্ত করুন৷ দয়া করে

মনে রাখবেন যে 1 জানুয়ারী, 2022 এর আগে থেকে SNAP লেনদেনগুলি প্রতিস্থাপনের জন্য অযোগ্য, এবং তালিকাভুক্ত করা উচিত নয়। উপরে উল্লিখিত হিসাবে, DSS 20 ডিসেম্বর, 2024 এর পরে ঘটে যাওয়া চুরির জন্য SNAP স্কিমিং প্রতিস্থাপন জারি করার অনুমতি দেয় না। আপনি এখনও 20 ডিসেম্বরের পরে স্কিম করা SNAP সুবিধাগুলির প্রতিস্থাপনের জন্য একটি দাবি দায়ের করতে পারেন, যদি চুরিটি 20 ডিসেম্বর বা তার আগে ঘটে থাকে এবং সুবিধাগুলি চুরি হয়েছে তা জানার 30 দিনের মধ্যে দাবিটি দায়ের করা হয়।

- **শেষ তারিখ যেদিন SNAP বেনিফিট চুরি করা হয়েছে:** এটি আপনার লেনদেনের ইতিহাসের সবচেয়ে *সাম্প্রতিক* তারিখ যেখানে আপনি একটি প্রতারণামূলক SNAP লেনদেন দেখতে পান। উদাহরণস্বরূপ, আপনি যদি 5 মে 2023 এবং 6 মে 2023-এ প্রতারণামূলক SNAP লেনদেন দেখতে পান, তাহলে আপনার এখানে 6 মে 2023 তালিকাভুক্ত করা উচিত। আপনি যদি শুধুমাত্র একটি তারিখে প্রতারণামূলক SNAP লেনদেন দেখতে পান তবে সেই তারিখটি এখানে তালিকাভুক্ত করুন। আপনি যদি শুধুমাত্র একটি তারিখে প্রতারণামূলক SNAP লেনদেন দেখতে পান, তাহলে আপনার "প্রথম তারিখ" এবং "শেষ তারিখ" একই হবে - এটি ঠিক আছে। **তবে, শুধুমাত্র SNAP সুবিধাগুলি যেগুলি 20 ডিসেম্বর, 2024 এর আগে চুরি হয়ে গিয়েছিল সেইগুলি প্রতিস্থাপনের জন্য যোগ্য হবে।**
- **মোট SNAP বেনিফিটযা চুরি হয়েছে :**এই SNAP সহায়তা বেনিফিটের মোট ডলার পরিমাণ যা চুরি করা হয়েছে। এটি সমস্ত প্রতারণামূলক SNAP সহায়তা লেনদেনের মোট (সমষ্টি) হওয়া উচিত। উদাহরণস্বরূপ ,আপনি যদি$ 300-এর একটি প্রতারণামূলক SNAP লেনদেন এবং$ 400-এর অন্য একটি প্রতারণামূলক SNAP লেনদেনের রিপোর্ট করেন ,তাহলে এখানে তালিকাভুক্ত করা আপনার মোট$ 700 হওয়া উচিত। এটা খুবই গুরুত্বপূর্ণ যে আপনি এই "মোট" ক্ষেত্রটি সঠিকভাবে পূরণ করুন।

**দ্রষ্টব্য :**আপনি SNAP এবং ক্যাশ বেনিফিট একসাথে একটি "টোটাল" এ যোগ করবেন <u>না</u>। উদাহরণস্বরূপ ,যদি আপনার নগদ বেনিফিটগুলির$ 400 চুরি হয়ে যায় এবং SNAP বেনিফিটগুলির$ 500 চুরি হয়ে যায় ,তাহলে আপনার "টোটাল" নগদ সহায়তা বিভাগে$ 400 নগদ এবং SNAP - এর বিভাগে SNAP $ 500হওয়া উচিত - কোনও বিভাগেই$ 900 <u>নয়</u>।

### *আমাকে কি শেষ বিভাগে সত্যায়িত অংশটি সম্পূর্ণ করতে হবে?*

হ্যাঁ – যদি আপনি আপনার ক্লেইমের নির্ভুলতা এবং সত্যতা প্রমাণ করার বাক্সে টিক চিহ্ন না দেন তবে আপনার ক্লেইমটি গ্রহণ করা হবে না।

### *আমার কেস বন্ধ হলে কী হবে?*

প্রতিস্থাপন বেনিফিট পাওয়ার যোগ্য হতে আপনার একটি সক্রিয় SNAP বা নগদ সহায়তা কেসের প্রয়োজন নেই। যদি এটি নির্ধারণ করা যায় যে ,আপনার বেনিফিটগুলি ইলেকট্রনিক উপায়ে যেমন EBT কার্ড স্কিমিং ,ক্লোনিং ,তৃতীয় পক্ষের ভুল উপস্থাপনা ,বা ফিশিংয়ের মতো অন্যান্য প্রতারণামূলক পদ্ধতির মাধ্যমে চুরি করা হয়েছে ,তাহলে আপনার কেস বন্ধ হয়ে গেলেও আপনি প্রতিস্থাপন বেনিফিটগুলির জন্য যোগ্য হতে পারেন। আপনি যদি প্রতিস্থাপন বেনিফিটগুলির জন্য যোগ্য বলে বিবেচিত হন ,তবে আপনার কেস বন্ধ হয়ে গেলেও এগুলি আপনার EBT কার্ডে ব্যবহারের জন্য উপলব্ধ হবে। প্রতিস্থাপন বেনিফিটগুলির অ্যাক্সেস করার জন্য আপনাকে SNAP বা নগদ সহায়তার জন্য পুনরায় আবেদন করতে হবে না।

### *আমার চুরি করা সমস্ত বেনিফিটগুলি কি প্রতিস্থাপন করা হবে?*

এটা নির্ভর করে। উভয় প্রকারের সুবিধার জন্য ,আপনি যে প্রতিস্থাপন বেনিফিট পাওয়ার যোগ্য তা হল SNAP বা নগদ বেনিফিটগুলির পরিমাণ যা চুরি হয়ে গেছে ,অথবা SNAP বা নগদ বেনিফিটগুলির দুই (2) গুণের সমান যা আপনি SNAPবা নগদ বেনিফিটগুলির চুরি হওয়ার আগে সাম্প্রতিক সম্পূর্ণ মাসে যে সময়ে আপনি পেয়েছিলেন ,**এটির মধ্যে যেটি কম।**

### *আমি একটি ক্লেইম জমা দেওয়ার পরে আমার বেনিফিট পেতে কতক্ষণ সময় লাগবে?*

প্রক্রিয়াকরণের সময় বিভিন্ন হতে পারে। আপনি যদি প্রতিস্থাপন বেনিফিটগুলির জন্য নির্বাচিত হন ,তাহলে অনুগ্রহ করে আপনার কার্ডে প্রতিস্থাপন বেনিফিটগুলি দেওয়ার জন্য এবং আমাদের সিদ্ধান্তের বিষয়ে জানিয়ে আপনাকে নির্দিষ্ট মেইলে একটি নোটিশ পাঠাতে 4 সপ্তাহ পর্যন্ত সময় দিন। আপনার ক্লেইমের প্রক্রিয়া চলাকালীন আপনার অন্য ক্লেইম জমা দেওয়ার দরকার নেই – অন্য ক্লেইম জমা দেওয়া আমাদের আপনার ক্লেইমকে আরও দ্রুত প্রক্রিয়া করতে সাহায্য করবে না।

### *আমার চুরি আবিষ্কার করার পর প্রতিস্থাপন বেনিফিটগুলির জন্য আমাকে কত সময়ের জন্য ক্লেইম জমা দিতে হবে?*

SNAP এবং নগদ উভয়ের জন্যই, আপনার বেনিফিট চুরি হয়েছে তা আবিষ্কার করার 30 দিনের মধ্যে আপনাকে অবশ্যই প্রতিস্থাপন সুবিধার জন্য একটি দাবি জমা দিতে হবে। এর মানে হল যে আপনি আপনার দাবিতে তালিকাভুক্ত “আবিষ্কারের তারিখ” যদি 30 দিনের বেশি হয়, তবে আপনার দাবি প্রত্যাখ্যান করা হবে।

**দ্রষ্টব্য:** স্কিম করা SNAP সুবিধাগুলি প্রতিস্থাপনের অনুমতি দেয় এমন ফেডারেল কর্তৃপক্ষের মেয়াদ 20 ডিসেম্বর, 2024-এ শেষ হবে৷ DSS 20 ডিসেম্বর, 2024-এর পরে ঘটে যাওয়া চুরির জন্য SNAP স্কিমিং প্রতিস্থাপন জারি করার অনুমতি দেয় না। আপনি এখনও 20 ডিসেম্বরের পরে স্কিম করা SNAP সুবিধাগুলির প্রতিস্থাপনের জন্য একটি দাবি দায়ের করতে পারেন, যদি চুরিটি 20 ডিসেম্বর বা তার আগে ঘটে থাকে এবং সুবিধাগুলি চুরি হয়েছে তা জানার 30 দিনের মধ্যে দাবিটি দায়ের করা হয়৷ এটি স্কিম করা নগদ সহায়তার সুবিধার দাবিকে প্রভাবিত করে না।

30 দিনের নিয়মের একটি ব্যতিক্রম রয়েছে: 20 আগস্ট, 2023 এর আগে থেকে প্রতারণামূলক লেনদেনের প্রতিবেদন করা। ভূতাপেক্ষাভাবে 1 অক্টোবর, 2022 থেকে চুরির তারিখ সহ SNAP ভূতাপেক্ষাভাবে দাবি এবং 1 জানুয়ারী, 2022 থেকে 20 আগস্ট, 2023 পর্যন্ত চুরির তারিখ সহ নগদ সহায়তা পূর্ববর্তী দাবিগুলির জন্য, পরিবারগুলিকে অবশ্যই 1 এপ্রিল, 2024 এর মধ্যে জেলায় প্রতিস্থাপনের আবেদন পূরণ করতে হবে এবং জমা দিতে হবে, অথবা তারা চুরি আবিষ্কারের তারিখ থেকে ত্রিশ (30) দিনের মধ্যেও সেটি করতে পারেন, যেটি পরে হয়।

### *আমরা কত পুরোনো চুরি হওয়া বেনিফিটগুলির রিপোর্ট করতে পারি?*

নগদ এবংSNAP -এর জন্য আলাদা নিয়ম রয়েছে৷

**নগদের জন্য** :প্রতিস্থাপন নগদ বেনিফিট **1 জানুয়ারী ,2022** তারিখে বা তার পরে প্রতারণামূলক লেনদেনের মধ্যে সীমাবদ্ধ।

**SNAP-এর জন্য:** প্রতিস্থাপন SNAP সুবিধাগুলি **1 অক্টোবর, 2022 বা তার পরে এবং 20 ডিসেম্বর, 2024** পর্যন্ত প্রতারণামূলক লেনদেনের মধ্যে সীমাবদ্ধ। **20 ডিসেম্বর, 2024 এর পরে প্রতারণামূলক SNAP লেনদেনগুলি প্রতিস্থাপনের জন্য অযোগ্য।**

### *যদি আমার বেনিফিটগুলি একাধিকবার চুরি হয়ে থাকে? আমি কতবার ক্লেইম জমা দিতে পারি তার সীমা আছে কি?*

নগদ এবংSNAP -এর জন্য আলাদা নিয়ম রয়েছে৷

**নগদের জন্য** 1 :জানুয়ারী ,2022 থেকে 30 সেপ্টেম্বর ,2022 পর্যন্ত সময়ের জন্য পরিবারগুলি দুটি (2) এর বেশি প্রতিস্থাপন নগদ বেনিফিট পেতে পারে না। তারপরে ,পরিবারগুলি একটি একক ফেডারেল অর্থবছরে ( 1অক্টোবর , 2022 থেকে 30 সেপ্টেম্বর ,2023 এবং 1 অক্টোবর ,2023 থেকে 30 সেপ্টেম্বর ,2024 পর্যন্ত) দুইটির বেশি (2) প্রতিস্থাপন নগদ বেনিফিট পেতে পারে না। 30 সেপ্টেম্বর ,2024-এর পরে ,পরিবারগুলি শুধুমাত্র একটি ফেডারেল অর্থবছরে একটি (1) প্রতিস্থাপন নগদ বেনিফিট পাওয়ার যোগ্য হবে৷

**SNAPএর জন্য** :পরিবারগুলি একটি একক ফেডারেল আর্থিক বছরে দুটি (2) এর বেশি প্রতিস্থাপন SNAP বেনিফিটগুলি পেতে পারে না (অক্টোবর1 ,  2022থেকে 30 সেপ্টেম্বর ,2023 এবং অক্টোবর1 ,  2023থেকে 30 সেপ্টেম্বর ,2024)।